



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : dmfwestbengal@gmail.com

নভেম্বর ১০, ২০১৯

শ্রী চন্দ্রনাথ সিংহ,
মাননীয় মৎস্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার

বিষয়ঃ ঘূর্ণিঝড় বুলবুলের ক্ষয়ক্ষতি পূরণে আশু সহায়তা

মাননীয় মহাশয়,

বিধ্বংসী ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে উপকূল সংলগ্ন এলাকাগুলির মানুষ, বিশেষ করে মৎস্যজীবীরা সাংঘাতিক ক্ষতিগ্রস্ত হয়েছেন। মাছ ধরার মরশুমের শুরুতে তৈরী অস্থায়ী পালাঘরগুলো ধূলিসাৎ, বাড়িঘরের চাল উড়ে গেছে, মাটির ঘর পড়ে গেছে, মাছ শুকানোর পরিকাঠামো নষ্ট হয়ে গেছে, প্রবল ঢেউয়ে মাছ ধরার ছোট নৌকাগুলির ভীষণ ক্ষতি হয়েছে - হাল-পাটাতন ভেঙ্গে গেছে, ইঞ্জিন জলে ডুবে বিকল হয়ে গেছে। এমনিতেই দূষণ ও যান্ত্রিক মৎস্যশিকারের কারণে ক্ষুদ্র মৎস্যজীবীরা অত্যন্ত কম মাছ পাচ্ছেন, তার উপর এই প্রাকৃতিক দুর্যোগ তাদের জীবন-জীবিকাকে অভূতপূর্ব সংকটে ফেলে দিয়েছে।

এমতাবস্থায় মৎস্যজীবী সংগঠনের পক্ষ থেকে আপনার কাছে একান্ত অনুরোধ এই যে -

- ১। অবিলম্বে ক্ষতিগ্রস্ত ঘরের জন্য যথেষ্ট সংখ্যক ত্রিপল সরবরাহের ব্যবস্থা করা হোক।
- ২। মৎস্যজীবীদের নৌকা, ইঞ্জিন, মাছ শুকানোর পরিকাঠামো ইত্যাদির ক্ষয়ক্ষতির হিসাব নেওয়ার কাজ দ্রুততার সাথে করে যথাশীঘ্র সম্ভব যথার্থ ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক।

এই কাজে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের স্থানীয় শাখাগুলি যথাসাধ্য সহায়তা করবে।

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাটার্জী,
সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

